

১৬

ভক্ত করিছে প্রভুর চরণে
জীবন সমর্পণ,
ওরে দীন তুই জোড় কর করি
কর তাহা দরশন ।

মিলনের ধারা পড়িতেছে ঝরি,
বহিয়া যেতেছে অমৃত-লহরী,
ভূতলে মাথাটি রাখিয়া, লহ রে
শুভাশিষ বরিষণ ।

ভক্ত করিছে প্রভুর চরণে
জীবন সমর্পণ ।

ওই যে আলোক পড়েছে তাঁহার
উদার ললাট দেশে
সেথা হ'তে তারি একটি রশ্মি
পড়ুক মাথায় এসে ।

নৈবেদ্য

চারিদিকে তাঁর শান্তিসাগর
স্থির হ'য়ে আছে ভরি চরাচর,
ক্ষণকাল তরে দাঁড়াওরে তীরে
শান্ত কররে মন ।

ভক্ত করিছে প্রভুর চরণে
জীবন সমর্পণ ।
